

ফিজিওথেরাপি কলেজ প্রতিষ্ঠার দাবিতে ফের বিক্ষোভ : মুক্ত ১৫ শিক্ষার্থী

নিজের বার্তা পরিবেশক

ফিজিওথেরাপি কলেজ প্রতিষ্ঠার দাবিতে গত বৃহস্পতিবার পশু হাসপাতাল চত্বরে আন্দোলন করার সময় মেফতারকৃত ১৫ শিক্ষার্থীর মুক্তিসহ ৫ দফা দাবিতে পশু হাসপাতালের শিক্ষার্থীরা ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে বিক্ষোভ মিছিল ও সমাবেশ করেছে। গতকাল শুক্রবার সকাল থেকে এ বিক্ষোভ মিছিল শুরু করে শিক্ষার্থীরা। সমাবেশ থেকে তারা অবিলম্বে তাদের উত্থাপিত দাবি বাস্তবায়নের জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষের কাছে দাবি জানায়। বিকেলে মেফতারকৃত শিক্ষার্থীরা মুক্তি পেয়ে সমাবেশ হলে যোগ দিলে বিক্ষোভকারী শিক্ষার্থীরা কর্মসূচি প্রত্যাহার করে।

বিক্ষোভকারীদের অন্য দাবিগুলো হলো হাসপাতালের পরিচালকের অপসারণ, সংঘর্ষের ঘটনায় সঠিক তদন্ত করে দোষীদের দৃষ্টান্তমূলক শাস্তি দাবি ও আহত

মুক্ত : পৃ: ২ ক: ৭



পশু হাসপাতালের ঘটনায় মেফতারকৃত শিক্ষার্থীদের মুক্তি দাবিতে বাংলাদেশ ফিজিওথেরাপি স্টুডেন্টস ইউনিয়ন গতকাল নগরীতে বিক্ষোভ করে -সংবাদ

মুক্ত : শিক্ষার্থী

(১২ পৃষ্ঠার পর)

শিক্ষার্থীদের সূচিক্রমের ব্যবস্থা।

গতকাল বেলা ১২টার দিকে শিক্ষার্থীরা বিক্ষোভ মিছিল বের করে। মিছিলটি ক্যাম্পাস প্রদক্ষিণ শেষে অপরাহ্নে বাংলার পাদদেশে সমাবেশ করে। এর আগে গত বৃহস্পতিবার রাত্রে ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে বিক্ষোভ মিছিল ও সমাবেশ করে তারা।

সমাবেশে শিক্ষার্থীরা বলেন, আমাদের ফিজিওথেরাপি কলেজ প্রতিষ্ঠার দাবি যৌক্তিক। অনুমোদন পাবার পর গত ২৭ বছরেও কলেজ প্রতিষ্ঠা না হওয়া লজ্জাজনক। অবিলম্বে এ দাবি পূরণ করতে হবে।

এদিকে গতকাল সকালে ত্রেহুগাঁও থানা পুলিশ মেফতারকৃত ১৫ শিক্ষার্থীকে আদালতে হাজির করে। আদালত থেকে সকল শিক্ষার্থী মুক্তি পায়। পরে ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে আন্দোলনরত শিক্ষার্থীদের সঙ্গে একাত্মতা ঘোষণা করে।

প্রসঙ্গত, গত বৃহস্পতিবার পশু হাসপাতালে শিক্ষার্থীদের সঙ্গে চিকিৎসক ও কর্মচারীদের সংঘর্ষে দুই চিকিৎসকসহ প্রায় ৪০ জন আহত হয়। ১৫ শিক্ষার্থীকে আটক করে পুলিশ। এ ঘটনায় ফিজিওথেরাপির রাস অনিদিষ্টকালের জন্য বন্ধ ঘোষণা করা হয়।